

সাংবাদিক সম্মেলনে শিক্ষক-শিক্ষিকাদের অভিযোগ

## ভিকারুননিসা স্কুল ও কলেজের জমি ও টাকা অবৈধভাবে হস্তান্তর

নিজস্ব বার্তা পরিবেশক : নগরীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দের পক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ওই শিক্ষা প্রতিষ্ঠানের ১০ বিঘা জমি ও নগদ ৬ কোটি টাকা অবৈধভাবে হস্তান্তর করে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অভিযোগ করা হয়েছে। অবিলম্বে বেইলি রোড ক্যাম্পাস থেকে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়কে অন্য স্থানে সরিয়ে নেয়ার ব্যবস্থা গ্রহণ, অবৈধভাবে জমি রেজিস্ট্রি বাতিল ও সব আর্থিক অনিয়ম সুরাহার দাবি জানানো হয় সাংবাদিক সম্মেলনে।

সোমবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত

সাংবাদিক সম্মেলনে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন ভারপ্রাপ্ত অধ্যক্ষা রোয়েনা হোসেন। সাংবাদিক



সোমবার জাতীয় প্রেসক্লাবে ভিকারুননিসা নূন স্কুলের সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন অধ্যক্ষা রোয়েনা ইসলাম - সংবাদ

সম্মেলনে ওই প্রতিষ্ঠানের ৫০/৬০ জন শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষা জানান, সাবেক অধ্যক্ষা হামিদা আলীর অবসর গ্রহণের পর ১লা আগস্ট নবনিযুক্ত গভর্নিং বডির সঙ্গে সব শাখার অভিযোগ : পৃঃ ২ কঃ ১

### অভিযোগ : শিক্ষক-শিক্ষিকাদের (১২-এর পৃষ্ঠার পর)

শিক্ষকবৃন্দের সভায় ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় নানা গুরুতর অনিয়মের কথা প্রথমবারের মতো শিক্ষকরা জানতে পারেন। যদিও ২০০০ সালের ২৪শে আগস্ট শিক্ষকদের সাধারণ সভায় শিক্ষক প্রতিনিধি ও কয়েকজন শিক্ষক বিশ্ববিদ্যালয়কে কিছু জমি হস্তান্তর সম্পর্কিত তথ্য সাবেক অধ্যক্ষার কাছে জানতে চাইলে তিনি সরাসরি কোন উত্তর দেননি। পরে একটি অনিয়মিত সভায় পুনরায় বিশ্ববিদ্যালয় সম্পর্কে জানতে চাওয়া হলে তিনি শিক্ষকদের তিরস্কার করেন। সাংবাদিক সম্মেলনে ভারপ্রাপ্ত অধ্যক্ষা জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই তৎকালীন গভর্নিংবডির সভাপতি সাবেক এমপি ডা. এইচবিএম ইকবাল, সাবেক অধ্যক্ষা হামিদা আলী এবং গভর্নিং বডির অন্য ৬ সদস্য মূল প্রতিষ্ঠানের ধারাবাহিকতা লঙ্ঘন করে আজীবন সদস্যপদ অধিকার করে বিশ্ববিদ্যালয় ফাউন্ডেশন গঠন করেন।